

সংবাদ বিজ্ঞপ্তি

১৭/০৫/২০২৪

## "গার্মেন্ট শ্রমিক তারকামেলা"

সুস্থ শ্রমিক শোভন কর্মপরিবেশ

উৎপাদনে সমৃদ্ধ বাংলাদেশ

'কর্মজীবী নারী (কেএন)' এবং 'সেইফটি এন্ড রাইটস সোসাইটি (এসআরএস)' দুইটি বেসরকারি উন্নয়ন সংগঠন GIZ-এর সহযোগিতায় "Sustainability in the textile and leather sector in Bangladesh (STILE)" প্রকল্পের আওতায় আজ ১৭ মে ২০২৪, শুক্রবার ঢাকার আগারগাঁও-এর মুক্তিযুদ্ধ জাদুঘরের প্রধান মিলনায়তনে সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত "গার্মেন্ট শ্রমিক তারকামেলা" শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান ও উৎসবের আয়োজন করেছে। এই আয়োজনে "সুস্থ শ্রমিক শোভন কর্মপরিবেশ- উৎপাদনে সমৃদ্ধ বাংলাদেশ" এই শ্লোগানকে সামনে রেখে ৫০০ নারী ও পুরুষ গার্মেন্ট ও ট্যানারি শিল্পের শ্রমিকরা অংশগ্রহণ করেন। সারাদিনের এই অনুষ্ঠানে শ্রমিক ও শ্রমিকদের সন্তানেরা বিভিন্ন সাংস্কৃতিক কার্যক্রম, বাউল গান পরিবেশন করেন। অনুষ্ঠানে স্বাধীন শাহ-এর রচনা ও নির্দেশনায় থিয়েটার আর্ট এর পরিবেশনায় তৈরি পোশাক খাতের শ্রমিকদের জন্য এমপ্লয়মেন্ট ইনজুরি স্কিম বিষয়ে সচেতনতামূলক নাটক "স্বপ্ন হলেও সত্যি" পরিবেশিত হয়।

এছাড়া মুক্তিযুদ্ধ জাদুঘর চত্বরে উইমেন ক্যাফেকেন্দ্রিক বিভিন্ন কার্যক্রমের সমন্বয়ে স্টল স্থাপন এবং উপস্থিত বিভিন্ন সরকারি বেসরকারি প্রতিনিধিদের বক্তব্য তুলে ধরা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, কর্মজীবী নারী'র সাধারণ সম্পাদক শারমিন কবীর, সহ-সভাপতি উম্মে হাসান ঝালমল, শ্রম অধিদপ্তর-এর মহাপরিচালক জনাব মোঃ তরিকুল আলম, কল কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর থেকে যুগ্ম মহাপরিচালক মাহফুজুর রহমান ভূঁইয়া, শ্রম অধিদপ্তর এর উপপরিচালক রাখসানা চৌধুরী, সাবেক এমপি আফরোজা হক রীনা, বিলস্ এর নির্বাহী পরিচালক সৈয়দ সুলতানউদ্দীন আহমেদ, জিআইজেড এর এ্যাডভাইজার স্যাম হুসেইন, একশন এইড-এর প্রতিনিধি মরিয়মনেসা, নাগরিক উদ্যোগ এর নির্বাহী পরিচালক জাকির হোসাইন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক এবং গবেষক মোস্তাফিজুর রহমান, তৈরি পোশাক কারখানার ব্যবস্থাপক সাহেব আলী, জাতীয় শ্রামক জোট বাংলাদেশ এর সভাপতি সাইফুজ্জামান বাদশা, স্কপ এর সাধারণ সম্পাদক নইমুল আহসান জুয়েলসহ বিভিন্ন শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ এবং সরকারি সংস্থার প্রতিনিধি, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বেসরকারি সংস্থার প্রতিনিধি এবং সাংবাদিক উপস্থিত ছিলেন।

কর্মজীবী নারী'র অতিরিক্ত নির্বাহী পরিচালক সানজিদা সুলতানা, এসআরএস-এর নির্বাহী পরিচালক সেকেন্দার আলী মীনা ও জিআই জেড এর এ্যাডভাইজার স্যাম হুসেইন-এর শুভেচ্ছা বক্তব্যের মধ্যদিয়ে অনুষ্ঠান শুরু হয়। কর্মজীবী নারী'র প্রকল্প সমন্বয়ক রাজিব আহমেদ এবং সেইফটি এন্ড রাইটস সোসাইটি-এর প্রোগ্রাম সহকারী মোহাম্মদ মাজেদুর রহমান এর সঞ্চালনায় কর্মজীবী নারী'র সাধারণ সম্পাদক

শারমিন কবীর সকল শ্রমিকদের শুভেচ্ছা জানান। তিনি প্রতিবছর এই তারকা মেলার আয়োজন করার জন্য সকল শ্রমিকের সাহায্য সহযোগিতা কামনা করেন।

জাতীয় শ্রামক জোট বাংলাদেশ এর সভাপতি সাইফুজ্জামান বাদশা আজকের উপস্থিত শ্রমিক তারকাদের শুভেচ্ছা ও ধন্যবাদ জানান। তিনি বলেন "উইমেন ক্যাফের মাধ্যমে শ্রমিকদের সংগঠিত ও সচেতন হওয়া সম্ভব। সংগঠিত শ্রমিকের জয় অনিবার্য"।

গার্মেন্ট শ্রমিক বিলকিস আক্তার বলেন, "ক্যাফে আমাদের জন্য অনেক আপন একটি জায়গা। কারণ শ্রমিকদের বিনোদনের কোন ব্যবস্থা নেই। কিন্তু উইমেন ক্যাফে আমাদের এই জায়গা তৈরি করে দিয়েছে। বিনোদন যে আমাদের অধিকার এটা কর্মজীবী নারী'র উইমেন ক্যাফেতে না আসলে আমরা বুঝতে পারতাম না।"

শ্রমিক নেতা নাহিদুল ইসলাম নয়ন বলেন, উইমেন ক্যাফের বড় শক্তি হচ্ছে এটি একটি আনন্দের জায়গা। সেবা নেওয়ার জায়গা, বিপদে কাউকে পাশে পাওয়ার জায়গা, মানসিক প্রশান্তির জায়গা। সুস্থ থাকতে হলে উইমেন ক্যাফেতে আসতে হবে, সুন্দর কর্পরিবেশের জন্য লড়াই করতে হবে।

মোঃ তরিকুল আলম, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, শ্রম অধিদপ্তর বলেন, "সরকার অবশ্যই শ্রম বিধিমালা বাস্তবায়নের চেষ্টা করবে যেন শ্রমজীবী মানুষেরা স্মার্ট হয়ে ওঠতে পারে।"

রোখসানা চৌধুরী, উপপরিচালক (মেডিকেল ও শ্রমকল্যাণ), শ্রম অধিদপ্তর বলেন, এখানে সবাই তারকার মতো উজ্জ্বল হয়ে আছেন। আমি চাই সবাই যেন সারাজীবন এরকম উজ্জ্বল তারা হয়েই থাকেন। তিনি উপস্থিত সকল তারকাদের বাংলাদেশের উৎপাদন এগিয়ে নেওয়ার জন্য আমন্ত্রণ জানান।

কল কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর থেকে যুগ্ম মহাপরিচালক মাহফুজুর রহমান ভূঁইয়া বলেন "সরকার সকল শ্রমিকের জন্য ডাটাবেজ তৈরি করার কথা চিন্তা করেছেন যেন কোন শ্রমিকরা হারিয়ে না যায়। এছাড়া করোনার কারণে যে শ্রমিকেরা গ্রামে ফিরে গিয়েছেন সরকার কল কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর মাধ্যমে তাদের কিছু অনুদান দেওয়ার মাধ্যমে সহযোগিতা করে যাচ্ছেন।"

অনুষ্ঠানে বক্তারা বলেন, "উইমেন ক্যাফে শ্রমিকদের জন্য বিশ্রাম, বিনোদন, আত্মউন্নয়ন, সাইকোসোশ্যাল কাউন্সিলিং, লিগ্যাল কাউন্সিলিং এবং তথ্য ও সেবাকেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। "গার্মেন্ট শ্রমিক তারকামেলা" শীর্ষক এ অনুষ্ঠানটি তৈরি পোশাক শিল্প, ট্যানারি শিল্পসহ অন্যান্য খাতের শ্রমিকদের মধ্যে অনুপ্রেরণা ও উৎসাহ যোগাবে বলে আমরা আশাবাদী।"

ধন্যবাদ

রাজীব আহমেদ

সমন্বয়ক (প্রোগ্রাম) কর্মজীবী নারী

০১৭২৬২৯১৬৬৪